

মৃত শিশুদের জন্য দাউদরা

এই সময়: ক্যাম্পারে মারা যাওয়া সাত শিশুর জন্য অভিনব বার্তা মহম্মদ দাউদদের।

বৃহস্পতিবার সন্ধ্যায় প্র্যাঙ্কিসে নামার আগে ইরাকের ফুটবলারদের হাতে হাতে ঘুরছে পোস্টার। টিমের মিডিয়া ম্যানেজার জানালেন, ইরাকের বাসরাতে আগের দিন সাতটি শিশু মারা গিয়েছে ক্যাম্পারে। যা নিয়ে সারা দেশে হইচই চলছে। যার প্রভাব আছড়ে পড়ল কলকাতায় থাকা টিমেও। দাউদদের পোস্টারে লেখা রয়েছে, ক্যাম্পারে আক্রান্ত শিশুদের জন্য আমরাও ব্যথিত।

এ দিন দুপুরে ইংল্যান্ডের প্লেয়াররা গেলেন নিউ টাউন স্কুলে, ব্রিটিশ কাউন্সিলের একটি অনুষ্ঠানে। সেখানে দুর্বীরের কিছু বাচ্চা ও গোলস প্রোজেক্ট থেকে বাচ্চা কিছু খুদে ফুটবলারের সঙ্গে সময় কাটান জ্যাডন স্যাঞ্জে, অ্যাঞ্জেল গোমসরা। কিছুক্ষণ প্র্যাঙ্কিসও করেন তাঁরা।

এ টুকু বাদ দিলে ইংল্যান্ড এবং ইরাক, দুটো টিমই পুরোপুরি ভুবে গ্রুপ লিগের তৃতীয় ম্যাচ নিয়ে। পর পর দুটো ম্যাচ জিতে আগেই শেষ ষোলোয় চলে গিয়েছে সিভি কুপারের ইংল্যান্ড। ইরাককে প্রি-কোয়ার্টারে পা রাখতে হলে শনিবারের ম্যাচ থেকে অন্তত একটা পয়েন্ট তুলতে হবে। গ্রুপ লিগের অন্য ম্যাচে গুয়াহাটিতে চিলির বিরুদ্ধে মেক্সিকো জিতলে, কলকাতায় ইরাক যদি আবার হেরে বসে ইংল্যান্ডের কাছে, তখন অনেক অঙ্কের সামনে পড়তে হবে দাউদদের।

চিলিকে ৩-০ হারানো ইরাকের আত্মবিশ্বাস তুঙ্গে। দাউদ পেনাল্টি মিস না করলে



জনসংযোগ নিউ টাউনের এক স্কুলে কচিকাঁচাদের সঙ্গে জ্যাডন স্যাঞ্জে

—অভিজিৎ আঢ়া

বিশ্বকাপে প্রথম হ্যাটট্রিক পেয়ে যেতেন তিনি। তবে এ নিয়ে আক্ষেপ নেই তাঁর। চিলি ম্যাচের পর আগের রাতে মিস্ত্র ডেজনে দাঁড়িয়ে বলেছেন, ‘টিমকে জেতানোই আসল লক্ষ্য। সেটা হয়েছে। পেনাল্টি মিস নিয়ে কোনও আক্ষেপ নেই।’

মালি, প্যারাগুয়ে, আমেরিকা ও কলম্বিয়া প্রি-কোয়ার্টারে: নয়াদিল্লিতে মালি ৩-১ হারাল নিউ জিল্যান্ডকে। আফ্রিকান চ্যাম্পিয়নরা প্রি-কোয়ার্টার ফাইনালে গেল।

মালির প্রথম গোল ১৫ মিনিটে, সালামের। ৫০ মিনিটে দ্বিতীয় গোল ট্রায়োরের। ৮২ মিনিটে লাসানা এনডিয়ার তিন নম্বর গোল। তার আগে ব্যবধান কমিয়েছিলেন নিউ জিল্যান্ডের চার্লস স্প্যাগ। অন্য দিকে, প্যারাগুয়ে টানা তিন ম্যাচ জিতল। মুম্বইয়ে বৃহস্পতিবার তারা ৩-১ হারাল তুরস্ককে। মুম্বইতে অন্য আরও একটি ম্যাচে কলম্বিয়া ৩-১ হারাল আমেরিকাকে। দুটো টিম পৌঁছে গেল প্রি-কোয়ার্টার ফাইনালে।